'বিনিয়োগ অগ্রাধিকার'

Bangladesh Investment Development Authority
BIDA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
এইচআরডি শাখা
বিনিয়োগ ভবন
প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bida.gov.bd

স্মারক নং-০৩.০৮.২৬৮০.২৪৫.০৬.৫০৩.২১-৮৬৪

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

## সভার নোটিশ

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নভেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভা আগামী ২৩ নভেম্বর ২০২৩ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় বিডা'র নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া (সিনিয়র সচিব) মহোদয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ-কে বিডা'র কনফারেন্স রুমে উপস্থিত হয়ে এবং বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাগণ-কে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সংযুক্ত থেকে বর্ণিত সমন্বয় সভায় যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আলোচ্য বিষয়:

০১। সেপ্টেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
০২। সেপ্টেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুশাসনের প্রেক্ষিতে সারাদেশে চলমান সমন্বিত কলকারখানা পরিদর্শন কার্যক্রম অবহিতকরণ সংক্রান্ত;
০৪। বিবিধ।

২১/১১/২০২৩

(এ, এফ, এম, এহতেশামুল হক)
পরিচালক (যুগ্মসচিব)
ফ্যাসিলেটিজ ম্যানেজমেন্ট
ফোন: ৪৪৮২৬৬০৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। নির্বাহী সদস্য................................................................ (সকল)/সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
২। মহাপরিচালক.................................................... (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
৩। পরিচালক........................................... (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল
৪। নির্বাহী চেয়ারম্যান এর একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা (নির্বাহী চেয়ারম্যান মহোদয় এর সদয় অবগতির জন্য)
৫। উপপরিচালক ...................................................... (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/রাজশাহী
৬। যুগ্মপরিচালক (সকল), বাংলাদেশ বাংলাদেশ ব্যাংক, ঢাকা (দাপ্তরিক কাজের জন্য বিডা'য় সংযুক্ত)
৭। উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, ঢাকা (দাপ্তরিক কাজের জন্য বিডা'য় সংযুক্ত)
৮। জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক ............................. (সকল)/আইন কর্মকর্তা, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/বরিশাল/রাজশাহী
৯। সহকারী পরিচালক (সিএসবি), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের, অনলাইন সভার জন্য জুম লিংক তৈরি এবং সভা চলাকালে মাল্টিমিডিয়া প্রদর্শনের ব্যবস্থাপনার অনুরোধসহ)
১১। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
১২। কমিউনিকেশন স্পেশালিস্ট, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
১৩। সহকারী নাজির, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা (সভা শুরুর পূর্বে কনফারেন্স রুম পরিচ্ছন্ন রাখার অনুরোধসহ)

বিনিয়োগ অগ্রাধিকার'

Bangladesh Investment Development Authority
BIDA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
এইচআরডি শাখা
বিনিয়োগ ভবন
প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.bida.gov.bd

## বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | লোকমান হোসেন মিয়া<br>নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব)<br>বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা |
| তারিখ | : | ২৬ সেপ্টেম্বর ২০২৩ |
| সময় | : | বেলা ০৩.৪৫ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভার কার্যপত্র অনুযায়ী নির্ধারিত আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-০১: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের আগস্ট/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের আগস্ট/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে সকলের মতামত আহবান করা হয়। আলোচনায় উক্ত কার্যবিবরণীর কোন পরিবর্তন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | কোন রকম পরিবর্তন/পরিমার্জন ছাড়াই বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের আগস্ট/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | সচিব |

**আলোচ্য বিষয়-০২: অফিস কার্যক্রম পরিচালনা সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সভায় মহাপরিচালক, ইনভেস্টমেন্ট ইকো সিস্টেম জানান, কম্পিউটারের কারিগরি ত্রুটির কারণে প্রাইভেটাইজেশন কমিশনের নথির তালিকা তৈরির ক্ষেত্রে সাময়িক অসুবিধার সৃষ্টি হয়েছে। সমস্য নিরসনে সিএসবি শাখা হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে তিনি সভাপতিকে অবহিত করেন। সভাপতি নথির তালিকার শতভাগ ব্যাকআপ রাখার নির্দেশনা প্রদান করেন এবং প্রাইভেটাইজেশন কমিশনের প্রতিটি নথি পুন:যাচাইপূর্বক সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে নথি সংরক্ষণ/বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি বিডা'র কম্পিউটারসমূহের তথ্যের ব্যাকআপ সংরক্ষণ ও এ বিষয়ে সহযোগিতা করার জন্য বিডা'য় সংযুক্ত সহকারী প্রোগ্রামার ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) প্রাইভেটাইজেশন কমিশনের প্রতিটি নথি পুন:যাচাইপূর্বক সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে নথি সংরক্ষণ/বিনষ্টকরণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রাইভেটাইজেশন কমিশনের নথির তালিকার শতভাগ ব্যাকআপ রাখতে হবে।<br>(গ) বিডা'র কম্পিউটারসমূহের তথ্যের ব্যাকআপ সংরক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ক) ও (খ)<br>মহাপরিচালক, ইনভেস্টমেন্ট ইকো সিস্টেম<br><br>(গ) সহকারী প্রোগ্রামার<br>ও<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার |

**আলোচ্য বিষয়-০৩: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা (গণ) |
|---|---|---|
| বিডা'র গভর্নিং বোর্ডের ২য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় সভাপতি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বিদেশে বাংলাদেশি বিনিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগের নির্দেশনা প্রদান করেন।<br>সভায় মহাপরিচালক, মার্কেটিং এন্ড কমিউনিকেশন জানান, অটোমোবাইল সেক্টরের উপর সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে Express of Interest (EOI) আহ্বানের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সভাপতি বর্ণিত সমীক্ষা দ্রুত সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | (ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত বিদেশে বাংলাদেশি বিনিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(খ) বিনিয়োগের সম্ভাবনাময় অটোমোবাইল সেক্টরের উপর সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | (ক) নির্বাহী সদস্য, ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন<br>(খ) নির্বাহী সদস্য, মার্কেটিং এন্ড কমিউনিকেশন |

**আলোচ্য বিষয়-০৪: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিউজলেটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| মহাপরিচালক, মার্কেটিং এন্ড কমিউনিকেশন জানান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিতব্য ত্রৈমাসিক নিউজলেটারে দক্ষিণ আফ্রিকা ও মরিশাসে অনুষ্ঠিত বিনিয়োগ বিষয়ক অনুষ্ঠানের তথ্য এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান, মরিশাসস্থ স্ট্যান্ডার্ড চাটার্ড ব্যাংকের সিইও, দি সিটি ব্যাংক লিমিটেড-এর চেয়ারম্যান ও পারটেক্স গ্রুপের চেয়ারম্যানের নিবন্ধ প্রকাশের কার্যক্রম চলমান আছে। সভাপতি বর্ণিত বিষয়সমূহ পরবর্তী নিউজলেটারে প্রকাশের বিষয়টি নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের পরবর্তী ত্রৈমাসিক নিউজলেটারে দক্ষিণ আফ্রিকা ও মরিশাসে অনুষ্ঠিত বিনিয়োগ বিষয়ক অনুষ্ঠানের তথ্য এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান, মরিশাসস্থ স্ট্যান্ডার্ড চাটার্ড ব্যাংকের সিইও, দি সিটি ব্যাংক লিমিটেড-এর চেয়ারম্যান ও পারটেক্স গ্রুপের চেয়ারম্যানের নিবন্ধ প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক (মার্কেটিং এন্ড কমিউনিকেশন) |

**আলোচ্য বিষয়-০৫: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক আলোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা (গণ) |
|---|---|---|
| সভায় পরিচালক (ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট) বলেন, গত ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিডা'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ বিশদভাবে পর্যালোচনা করা হয়েছে। সভাপতি কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রাপ্ত অর্জনের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণের পরামর্শ প্রদান করেন। এছাড়া, তিনি ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অনলাইন সফ্টওয়্যারে নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য এইচআরডি শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রাপ্ত অর্জনের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(খ) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অনলাইন সফ্টওয়্যারে নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য এইচআরডি শাখায় প্রেরণ করতে হবে। | কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), বিডা |

**আলোচ্য বিষয়-০৬: অভ্যন্তরীণ প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সভায় সচিব (অতিরিক্ত দায়িত্ব) ও পরিচালক (ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট) বিডা'র কর্মকর্তাদের ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচির খসড়া উপস্থাপন করেন। পরিচালক (ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট) জানান, বিডা'য় ডি-নথির বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সভাপতি সুবিধাজনক সময়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে বিডা'য় প্রশিক্ষণ আয়োজনের পরামর্শ প্রদান করেন। | সুবিধাজনক সময়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সচিব ও পরিচালক (ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট) |

আলোচ্য বিষয়-০৭: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
| --- | --- | --- |
| আলোচনায় পরিচালক (ফাইন্যান্স, বাজেট এন্ড অডিট), বিডা জানান, পূর্বতন বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশনসহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ৮৪ টি অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন সময়ে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের অডিট আপত্তির বিষয়ে জরুরি ভিত্তিতে দ্বি-পক্ষীয় সভা আয়োজন করা হয়। ইতোমধ্যে ০৬টি অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে। সভাপতি অডিট আপত্তির সুস্পষ্ট তালিকাসহ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কার্যপদ্ধতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের অডিট আপত্তির সুস্পষ্ট তালিকাসহ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কার্যপদ্ধতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (ফাইন্যান্স, বাজেট এন্ড অডিট) |

আলোচ্য বিষয়-০৮: One Stop Service সংক্রান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা (গণ) |
| --- | --- | --- |
| নির্বাহী সদস্য, স্ট্র্যাটেজিক ইনভেস্টমেন্ট জানান, বিডা'য় জুন-আগস্ট/২০২৩ পর্যন্ত সময়ে নতুন শিল্প নিবন্ধনকারীদের ব্রিফিং সেশন ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে। সভাপতি সুষ্ঠুভাবে অনুষ্ঠানটি আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং সংশ্লিষ্ট অনুবিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে প্রতি ০৩ মাস অন্তর বিডা'য় নতুন শিল্প নিবন্ধনকারীদের ব্রিফিং সেশন আয়োজনের পরামর্শ প্রদান করেন। এছাড়া, খুলনা ও বরিশালে বিডা'র ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের কার্যক্রম অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | (ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অনুবিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে প্রতি ০৩ মাস অন্তর বিডা'য় নতুন শিল্প নিবন্ধনকারীদের ব্রিফিং সেশন আয়োজন করতে হবে।<br><br>(খ) খুলনা ও বরিশালে বিডা'র ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের কার্যক্রম অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা আয়োজন করতে হবে। | (ক) নির্বাহী সদস্য, স্ট্র্যাটেজিক ইনভেস্টমেন্ট<br>ও<br>পরিচালক, ইনভেস্টমেন্ট আফটার কেয়ার<br>(খ) মহাপরিচালক, ইনভেস্টমেন্ট এনভায়রনমেন্ট সার্ভিসেস<br>ও<br>পরিচালক, সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়, বিডা |

আলোচ্য বিষয়-০৯: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিভাগীয় কার্যালয়ের কার্যক্রম সংক্রান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
| --- | --- | --- |
| সভায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিভাগীয় কার্যালয়ের পরিচালকগণ তাঁদের কার্যালয়সমূহে নিবন্ধনকৃত প্রতিষ্ঠানের সংখ্যা, বিনিয়োগের পরিমাণ, ভিসার সুপারিশ, কর্মানুমতি প্রদানের তথ্য সভাকে অবহিত করেন।<br>মহাপরিচালক, লোকাল ইনভেস্টমেন্ট প্রমোশন ময়মনসিংহ বিভাগীয় শহরে বিডা'র কার্যালয় স্থাপন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি সভাপতিকে অবহিত করেন। সভাপতি অবিলম্বে ময়মনসিংহ বিভাগীয় শহরে বিডা'র কার্যালয় স্থাপন করার কার্যক্রম সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বৃহত্তর দিনাজপুরে কৃষি পণ্যভিত্তিক শিল্প বিকাশের সম্ভাবনার বিষয়টি উল্লেখ করে দিনাজপুর বিভাগীয় শহরে বিডা'র বিনিয়োগ প্রচারণা সংক্রান্ত অনুষ্ঠান আয়োজনের অভিমত পোষণ করেন। এ প্রেক্ষিতে পরিচালক, রংপুর বিভাগীয় কার্যালয় বলেন, রংপুর চেম্বার অব কমার্স -এর নব নির্বাচিত সভাপতি বিনিয়োগ প্রসারে বিডা'র সহায়তা কামনা করেছেন। দিনাজপুর শহরে বিডা'র অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভাপতি দিনাজপুরের বিনিয়োগ উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে বিডা'র বিনিয়োগ প্রচারণা সংক্রান্ত অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | দিনাজপুর শহরে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিনিয়োগ প্রচারণা সংক্রান্ত অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, রংপুর বিভাগীয় কার্যালয়, বিডা |

**আলোচ্য বিষয়-১০: গত ১৭ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সাথে বিডা'র কর্মকর্তাদের মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা (গণ) |
|---|---|---|
| সভায় সচিব (অতিরিক্ত সচিব) বলেন, গত ১৭ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সাথে বিডা'র কর্মকর্তাদের মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি বর্ণিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে যে সকল সিদ্ধান্ত সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়নি সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | গত ১৭ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সাথে বিডা'র কর্মকর্তাদের মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে যে সকল সিদ্ধান্ত সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়নি সে সকল সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), বিডা |

**আলোচ্য বিষয়-১১: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের আইআরসি সুপারিশ প্রদানের নিমিত্ত শিল্প প্রকল্প পরিদর্শন কার্যক্রম সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| সভাপতি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (আইআরসি) সুপারিশ প্রদানের নিমিত্ত শিল্প প্রকল্প পরিদর্শন কার্যক্রমে পেশাদারিত্ব ও সততার বিষয়টি নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে নির্বাহী সদস্য, ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন ও মহাপরিচালক, লোকাল ইনভেস্টমেন্ট প্রমোশন জানান, উল্লিখিত বিষয়ে বিস্তারিত তথ্য/উপাত্ত পর্যালোচনা করে খসড়া প্রস্তাবনা তৈরির কার্যক্রম চলমান আছে। সভাপতি পরবর্তী সমন্বয় সভায় বর্ণিত বিষয়ের খসড়া প্রস্তাবনা উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (আইআরসি) সুপারিশ প্রদানের ক্ষেত্রে পরিদর্শন কার্যক্রমের বিস্তারিত তথ্য/উপাত্ত পর্যালোচনা করে এ বিষয়ক খসড়া প্রস্তাবনা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | নির্বাহী সদস্য, ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন ও মহাপরিচালক, লোকাল ইনভেস্টমেন্ট প্রমোশন |

১২। অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/২০/২৩

(লোকমান হোসেন মিয়া)
নির্বাহী চেয়ারম্যান
(সিনিয়র সচিব)

স্মারক নং-০৩.০৮.২৬৮০.২৪৫.০৬.৫০৩.২১-৫৫৫৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩০
০৬ অক্টোবর ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। নির্বাহী সদস্য................................................................ (সকল)/সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

২। মহাপরিচালক...................................................... (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

৩। পরিচালক................................................. (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল

৪। নির্বাহী চেয়ারম্যান এর একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
(নির্বাহী চেয়ারম্যান মহোদয় এর সদয় অবগতির জন্য)

৫। উপপরিচালক ....................................................... (সকল), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/রাজশাহী

৬। যুগ্মপরিচালক (সকল), বাংলাদেশ বাংলাদেশ ব্যাংক, ঢাকা (দাপ্তরিক কাজের জন্য বিডা'য় সংযুক্ত)

৭। উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, ঢাকা (দাপ্তরিক কাজের জন্য বিডা'য় সংযুক্ত)

৮। জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক .............................. (সকল)/আইন কর্মকর্তা, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা/বরিশাল/রাজশাহী

৯। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

১০। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

১১। কমিউনিকেশন স্পেশালিস্ট, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

(এ, এফ, এম, এহতেশামুল হক)
পরিচালক (যুগ্মসচিব)
ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট
ফোন: ৪৪৮২৬৬০৩

বিনিয়োগ অগ্রাধিকার

BIDA
Bangladesh Investment Development Authority

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
এইচআরডি শাখা
বিনিয়োগ ভবন
প্লট নং: ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭
ওয়েবসাইট: www.bida.gov.bd

**বিষয়: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভায় উপস্থিতির তালিকা:**

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৩
সময়: বেলা ০৩.৪৫ ঘটিকা
সভাপতি: জনাব লোকমান হোসেন মিয়া, নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
স্থান: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের কনফারেন্স রুম (৩য় তলা)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১। | | |
| ০২। | মোহাম্মদ মিনার ইসতিয়াক, নি- সদস্য | [signature] |
| ০৩। | AVIJIT CHOWDHURY<br>Executive Member, (SIU) | [signature] |
| ০৪। | মোঃ মুনির-উল-মোরশেদ<br>সহঃ পরিচালক | [signature] |
| ০৫। | মোঃ আবু ছাঈদ জোয়ারদার<br>সহকারী পরিচালক (SIU) | [signature] |
| ০৬। | জীবন কৃষ্ণ সাহা রায়<br>মহাপরিচালক | [signature] |
| ০৭। | কাজী মোহাম্মদ হোসেন<br>মহাপরিচালক | [signature] ২৬/৯/২৩ |
| ০৮। | কাজী একরাম ফজলুল হক<br>মহাপরিচালক, বিডা | [signature] |

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০৯। | এ, এস, এম, এহতেশামুল হক<br>পরিচালক (যুগ্মসচিব) | [signature] |
| ১০। | মো: মুজিবুর রহমান<br>পরিচালক (যুগ্মসচিব), বিডা | [signature]<br>২৬/০২/২৩ |
| ১১। | | |
| ১২। | মু: [illegible] উদ্দিনজামান<br>পরিচালক | [signature]<br>২৬/০২/২৩ |
| ১৩। | মো: [illegible] খান<br>পরিচালক | [signature]<br>২৬/২/২০২৩ |
| ১৪। | সুমন চৌধুরী<br>পরিচালক, বিডা | [signature]<br>২৬/০২/২৩ |
| ১৫। | আবু সাঈদ চৌধুরী<br>পরিচালক, বিডা | [signature]<br>২৬/০২/২৩ |
| ১৬। | মোহাম্মদ আরিফুর রহমান<br>পরিচালক | [signature]<br>২৬/০২/২৩ |
| ১৭। | ড. মো: হুমায়ুন কবির খান<br>পরিচালক (স্ট্র্যাটেজিক ইনভেস্টমেন্ট), বিডা | [signature]<br>২৬/০২/২৩ |
| ১৮। | এ, এম, জহিরুল হায়াত<br>উপপরিচালক, বিডা | [signature]<br>২৬/০২/২০২৩ |
| ১৯। | সৈয়দ মোহাম্মদ [illegible]<br>সহকারী পরিচালক | [signature]<br>২৬/০২/২০২৩ |
| ২০। | এ.টি.এম. আহসান হাবীব<br>যুগ্ম-পরিচালক (বাংলাদেশ ব্যাংক) | [signature] |

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ২১। | মোঃ সাইফেদুল ইসলাম<br>যুগ্ম পরিচালক (বাংলাদেশ ব্যাংক) | [signature] 26.09.23 |
| ২২। | মো: সাইদুল ইসলাম<br>আইন কর্মকর্তা | [signature] 26.09.23 |
| ২৩। | [illegible]<br>[illegible] পরিচালক | [signature] 26/9/2023 |
| ২৪। | মো: সোহেল রানা<br>সহকারী পরিচালক | [signature] 26/9/2023 |
| ২৫। | মো: তারিক মাহমুদ<br>সহকারী পরিচালক | [signature] |
| ২৬। | [illegible]<br>এডি | [signature] |
| ২৭। | মোঃ জাহিদ হোসেন<br>সহকারী পরিচালক, [illegible] | [signature] |
| ২৮। | প্রকৌ. সাগর কুমার সাহা<br>উপমহাব্যবস্থাপক ([illegible]), [illegible] মন্ত্রণালয় | [signature] 26/9/23 |
| ২৯। | আবু মুহাম্মদ নূরুল আমান উজ্জ্বল<br>সহকারী পরিচালক | [signature] 26/09/23 |
| ৩০। | মোঃ মাহফুজুল আলম<br>উপপরিচালক, [illegible] | [signature] 26/9/23 |
| ৩১। | মুহাম্মদ আবদুল আলিম<br>পরিচালক, [illegible] | [signature] 26/9/23 |

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ৩২। | সুনীল কুমার অধিকারী<br>পরিচালক | [illegible] |
| ৩৩। | মো: সাইফুল ইসলাম ভূঞা<br>নির্বাহী চেয়ারম্যান এর একান্ত সচিব | 26.07.2023 |
| ৩৪। | [illegible] কুমার মন্ডল,<br>জনসংযোগ কর্মকর্তা, বিডা | 26.07.23 |
| ৩৫। | [illegible]<br>সহকারী পরিচালক, বিডা | [illegible] |
| ৩৬। | | |
| ৩৭। | | |
| ৩৮। | | |
| ৩৯। | | |
| ৪০। | | |
| ৪১। | | |
| ৪২। | | |